

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
ইব্রাহীম ইহদী ছিলেন না এবং নাসারাও
ছিলেন না, কিন্তু তিনি ছিলেন 'হানীফ'
অর্থাৎ, সব মিথ্যা ধর্মের প্রতি বিমুখ
এবং আব্রহামপূর্ণকারী, এবং তিনি
মুশরিক ছিলেন না।
সূরা আল ইমরান ৬৭

দৈনিক কীর্তনখোলা


আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
শ্রদ্ধাঙ্গণ সিমেন্ট
ইস্রাইলের মজবুত সিমেন্ট
সেবা : ০২১১০০৬৬৬০৫, ০২৭১১০২৭৭০৫



ভারতের জবাবের অপেক্ষায়
ঢাকা, তারেক রহমানের
সফর চূড়ান্ত হয়নি

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফর নিয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। শুক্রবার (২১ আগস্ট) ২ এর পাতায় দেখুন



ভারত সফর হতে হবে
সমমর্যাদা-সমতার ভিত্তিতে:
ডা. শফিকুর রহমান

কীর্তনখোলা ডেস্ক
বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর ডা. শফিকুর রহমান বলেছেন, প্রধানমন্ত্রী সারা বিশ্ব সফর করতে পারেন। ২ এর পাতায় দেখুন



শিক্ষার্থীদের জন্য ইন্টারশিপ ও হাতে-কলমে কাজের সুযোগ বাড়তে হবে

কীর্তনখোলা ডেস্ক
দেশের বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের বাস্তব কর্মপরিবেশের সঙ্গে পরিচিত করতে ইন্টারশিপ ও হাতে-কলমে কাজ শেখার সুযোগ ২ এর পাতায় দেখুন



কবিননামায় বর-কনের আগের বিয়ে ও সন্তানের তথ্য যুক্ত করতে লিগ্যাল নোটিশ

কীর্তনখোলা ডেস্ক
বিয়ের কবিননামায় বর ও কনের আগের বিয়ে ও সন্তানের তথ্য অন্তর্ভুক্ত করতে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি ২ এর পাতায় দেখুন

বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলামের শপথ গ্রহণ

কীর্তনখোলা ডেস্ক
দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনের দরবার হলে তাকে শপথবাক্য পাঠ করান ভারপ্রাপ্ত শিক্ষকার ব্যারিস্টার কায়সার কামাল। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমানসহ মন্ত্রিসভার সদস্য, সেন্সা, কূটনৈতিক, রাজনৈতিক নেতা ও বিভিন্ন শ্রেণি-পেশার বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। এর আগে, জুমার নামাজের পর রাজধানীর শেরেবালা নগরে বিএনপির

মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং ১১ দলীয় জোট সমর্থিত প্রার্থী কর্নেল (অব.) অলি আহমদ প্রতিদ্বন্দ্বিতা করেন। জাতীয় সংসদে দুপুর ১টা ১০ মিনিটে ভোটগ্রহণ শুরু হয়, চলে বিকেল ৫টা পর্যন্ত। মোট ৩৪৯ জন সংসদ সদস্য এ নির্বাচনে ভোটের ছিলেন।

তাদের মধ্যে ৩৪৩ জন ভোট দেন। সাদা কাগজে কোনো কালিতে ছাপা ব্যালট পেপারে ভোট ভোটেরা। সংসদ অধিবেশন কক্ষে ভিডিও নির্ধারিত ব্যালট ব্যাগে ভোট দেন তারা। ভোটগ্রহণ শেষে বিকেল ৫টা ২০ মিনিটের দিকে প্রধান নির্বাচন কমিশনার (সিএসি) এ এম এম নাসির উদ্দিন ফলাফল ঘোষণা করেন। নির্বাচনে জয়ী হন মির্জা ফখরুল। তিনি ২৫৫ ভোট পান। তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্নেল (অব.) অলি আহমদ পান ৮৮ ভোট। একই দিন রাত দেশের ২৩তম রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুলকে নির্বাচিত ঘোষণা ২ এর পাতায় দেখুন



প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। দীর্ঘ ৩৫ বছর পর বৃহস্পতিবার (২০ আগস্ট) দেশে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে বিএনপি

উদ্দিন ফলাফল ঘোষণা করেন। নির্বাচনে জয়ী হন মির্জা ফখরুল। তিনি ২৫৫ ভোট পান। তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্নেল (অব.) অলি আহমদ পান ৮৮ ভোট। একই দিন রাত দেশের ২৩তম রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুলকে নির্বাচিত ঘোষণা ২ এর পাতায় দেখুন

৭ শর্ত পূরণ না হলে বদলির আবেদন করতে পারবেন না এমপিওভুক্ত শিক্ষকরা

কীর্তনখোলা ডেস্ক
বেসরকারি এমপিওভুক্ত স্কুল-কলেজের শিক্ষকদের বদলির আবেদন শুরু হয়েছে। শুক্রবার (২১ আগস্ট) বেলা ১১টা থেকে অনলাইনে আবেদন নেওয়া শুরু হয়েছে, চলবে ২৭ আগস্ট পর্যন্ত। তবে নির্দিষ্ট ৭ শর্ত পূরণ না হলে সংশ্লিষ্ট শিক্ষক বদলির জন্য আবেদন করতে পারবেন না। আবেদন শুরুর পর বদলির জন্য নির্ধারিত ওয়েবসাইটে প্রবেশ করলেই এসব শর্ত ও নির্দেশনা দেখা যায়। বদলির আবেদনে যে ৭ শর্ত: ১. একজন শিক্ষক সর্বোচ্চ ৩টি প্রতিষ্ঠানে বদলির জন্য আবেদন করতে পারবেন। ২. নিজ বিভাগ ক্যাটাগরিতে আবেদন করার ক্ষেত্রে নিজ জেলায় ৩টি বা তার বেশি প্রতিষ্ঠানে পদ শূন্য থাকলে বিভাগীয় বদলির জন্য আবেদন করতে পারবেন না। ৩. 'নিজ জেলা' অথবা 'নিজ জেলা' ও 'নিজ বিভাগ' ২ এর পাতায় দেখুন



শপথ নিলেন নতুন চার মন্ত্রী ও দুই প্রতিমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমানের মন্ত্রিসভায় যুক্ত হয়েছেন আরও চার মন্ত্রী ও দুই প্রতিমন্ত্রী। শুক্রবার (২১ আগস্ট) রাত পোনে ৮টায় বঙ্গভবনের দরবার হলে নতুন রাষ্ট্রপতি মির্জা

ফখরুল ইসলাম আলমগীর তাদের শপথ বাক্য পাঠ করান। নতুন চার মন্ত্রী হলেন- ড. আবদুল মঈন খান, ব্যারিস্টার আদালি বরহমান পার্থ, সাচিং প্রু জেরী এবং এম রশিদজামান মিল্লাত। দুই প্রতিমন্ত্রী হলেন-

হুমায়ুন কবির এবং মোহাম্মদ শাহীম কায়সার লিংকন। মন্ত্রীদের মধ্যে মঈন খান বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও নরসিদ্দী-২ আসনের সংসদ সদস্য। আদালি বরহমান পার্থ ক্ষমতাসীন ২ এর পাতায় দেখুন



মন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা হচ্ছেন জহির উদ্দিন স্বপন

কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের মন্ত্রিসভায় রদদপদের অংশ হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্ব থেকে সরিয়ে জহির উদ্দিন স্বপনকে মন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা করা হচ্ছে। তবে নতুন দায়িত্ব হিসেবে তাকে কোন মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্ব দেওয়া হবে, তা এখনো জানা যায়নি। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যায় বঙ্গভবনে নতুন মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের শপথ নেওয়ার কথা রয়েছে। একই অনুষ্ঠানে মন্ত্রিসভায় ২ এর পাতায় দেখুন



আন্তর্জাতিক কুরআন প্রতিযোগিতায় প্রথম বাউফলের হাফেজ নূর

কীর্তনখোলা রিপোর্ট
পটুয়াখালীর বাউফলের পুলিশিা হান অর্জন করেছেন। রুধবার (১৯ আগস্ট) সৌদিতে ৪৬তম মকায় অনুষ্ঠিত ৪৬তম কিং আবদুল আজিজ আন্তর্জাতিক কুরআন হিফজ, তিলাওয়াত ও

তাহফির প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করা হয়। জানা যায়, বিশ্বের ১৩০টি দেশের কয়েকশত প্রতিযোগীকে পেছনে ফেলে প্রতিযোগিতার চতুর্থ শাখায় প্রথম স্থান ২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা রিপোর্ট
বাউফলের পুলিশিা হান অর্জন করেছেন। রুধবার (১৯ আগস্ট) সৌদিতে ৪৬তম মকায় অনুষ্ঠিত ৪৬তম কিং আবদুল আজিজ আন্তর্জাতিক কুরআন হিফজ, তিলাওয়াত ও

আত্মহত্যা ছেলেদের চেয়ে মেয়েদের সংখ্যা বেশি

কীর্তনখোলা ডেস্ক
শিক্ষার্থীরা নানা কারণে আত্মহত্যার মতো সিদ্ধান্ত নেয়। দেশে ২০২৫ সালে ৪৪৩ শিক্ষার্থী আত্মহত্যা করেছে। এর মধ্যে স্কুলশিক্ষার্থীর সংখ্যাই বেশি। আত্মহত্যাকারী শিক্ষার্থীদের মধ্যে ছেলেদের চেয়ে মেয়েদের সংখ্যা বেশি। আত্মহত্যা প্রতিরোধ এবং মানসিক স্বাস্থ্যবিষয়ক সচেতনতা তৈরিতে কাজ করা একটি সংগঠনের সমীক্ষায় এ চিত্র উঠে এসেছে। 'শিক্ষার্থীদের আত্মহত্যা: ক্রমবর্ধমান সংকট' শীর্ষক সমীক্ষার ফল তুলে ধরে সংগঠনটি বলেছে, এ সংখ্যা শুধু একটি পরিসংখ্যান নয়; বরং অনেকটাই পারিবারিক কাঠামো, সামাজিক সম্পর্ক এবং মানসিক স্বাস্থ্যসহায়তা বাবস্থার সীমাবদ্ধতারও প্রতিফলন। দেশের ২ এর পাতায় দেখুন



বরিশালে অস্ত্র, ইয়াবা ও গাঁজাসহ সাত মাদক ব্যবসায়ী আটক

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ইয়াবা ও গাঁজাসহ সাত মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেট্রোপলিটন গোয়েন্দা পুলিশ। তাদের কাছ থেকে ১০২৬ পিস ইয়াবা ট্যাবলেট ও সোয়া তিন কেজি গাঁজা উদ্ধার করা হয়। বরিশাল মেট্রোপলিটন পুলিশের প্রধান কার্যালয় থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। পুলিশ জানিয়েছে, বরিশাল মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগের পরিদর্শক হেলালুজ্জামানের নেতৃত্বে একটি টিম ১৯ আগষ্ট দিনব্যাপী নগরীর বিভিন্ন এলাকায় মাদকের বিরুদ্ধে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। পৃথক পৃথক অভিযানে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

কবীর্ভনাথানা ৩

মুলাদীতে জিপিএ-৫ ও বৃত্তিপ্রাপ্ত

চরকালেখান আদর্শ কলেজের অধ্যক্ষ মো. ক্বীর হোসেন খান, মুলাদী সরকারি মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দীন হাওলাদার, পল্টী উল্লয়ন কর্মকর্তা এইচ এম সুমন এবং ইসলামাবাদ নেছারিয়া ফাজিল মাদ্রাসার শিক্ষক মাওলানা মো. আবু সালেহ প্রমুখ। অন্ত্যুতনে অতিথিরা বলেন, কৃত্তী শিক্ষাধীদের এ ধরনের সম্মাননা তাদের ভবিষ্যতে আরও ভালো ফলাফল অর্জনে উৎসাহিত করবে। সুশিক্ষায় শিক্ষিত হয়ে দেশ ও সমাজের কল্যাণে আত্মনিয়োগ করতে শিক্ষাধীদের প্রতি আহ্বান জানান তারা। সভাপতির বক্তব্যে ড. মো. মিজানুর রহমান বলেন, মুলাদীর শিক্ষা ও সামাজিক উন্নয়নে ‘মুলাদী ফোরাম, ঢাকা’ ভবিষ্যতেও এ ধরনের সহায়তামূলক ও উৎসাহবোধকর্মকাণ্ড অব্যাহত রাখবে। শেষে অতিথিরা কৃত্তী শিক্ষাধীদের হাতে সম্মাননা স্মারক, সনদ ও উপহার তুলে দেন।

দৌলতখান বাজারে ভয়াবহ

সার্বিসকে খবর দিলে ফায়ার সার্ভিসের দুইটি ইউনিটের চেষ্টায় পুরোপুরি আশুন নিয়ন্ত্রণে আসে। তবে জ্বালানি তেলের গোলাউনে বিপুল পরিমাণ তেল মজুত থাকায় আগুন নিয়ন্ত্রণে বেগ পেতে হয় ফায়ার সার্বিসকে। ব্যবসায়ীদের অন্তত ৫০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। এছাড়া অগ্নিকাণ্ডে সর্ব্ব্ব খারাপে ব্যবসায়ীরা ঘুরে দাঁড়াতে সরকারি সহযোগিতার দাবি জানিয়েছেন। এবিষয়ে দৌলতখান উপজেলা ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা খন্দকার মোরাজুল ইসলাম বলেন, অগ্নিকাণ্ডের খবর পেয়ে দ্রুত দৌলতখান ও ভোলা সদরের ফায়ার সার্ভিসের একটি করে মোট দুইটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে প্রায় দুই ঘণ্টার চেষ্টায় আমরা আগুন নিয়ন্ত্রণে সক্ষম হই। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে- বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে। এছাড়াও ক্ষয়ক্ষতির পরিমাণ জানতে কাজ চলছে।

ভিক্ষুকের টাকাসহ ৪ কোটি টাকা

বিষয়ে সমিতির ম্যানেজার অসীম চন্দ্র দাসের বক্তব্য তাম্ফকর্ণিকভাবে পাওয়া যায়।

৪৩ প্রাথমিক বিদ্যালয়ের মিড-ডে মিলে পচা

অভিভাবকদের অভিযোগ, মনপুরা একটি বিচ্ছিন্ন এলাকা। এখানে মিড-ডে মিলের কলা, বনরুটি ও ডিম জেলা শহর থেকে সরবরাহ করা হয়। দীর্ঘ সময় পরিবহনের কারণে প্রায়ই বাসি রুটি, নষ্ট কলা ও ডিম বিতরণ করা হয়। কখনো কখনো শিক্ষাধীদের অর্ধেক কলা, অর্ধেক ডিম ও একটি বনরুটি দেওয়া হয়। কোনো কোনো বিদ্যালয়ে প্রধান শিক্ষকদের সঙ্গে যোগসাজশ করেই মানহীন খাবার সরবরাহ করে ঠিকাদারি প্রতিষ্ঠা। অভিভাবকদের দাবি, স্থানীয় বাজার থেকে তাজা ও মানসমত খাবার সংগ্রহ করে শিক্ষাধীদের মাঝে বিতরণ করলেই এই সমস্যার সমাধান সম্ভব। বিষয়টি নিয়ে উপজেলার মাস্টারহাট প্রাথমিক বিদ্যালয়, মনপুরা প্রাথমিক বিদ্যালয়, মাছুয়াখালী প্রাথমিক বিদ্যালয়, চরকলাতলী প্রাথমিক বিদ্যালয়, হাজিরহাট প্রাথমিক বিদ্যালয়, কলাতলী প্রাথমিক বিদ্যালয়, কুম্ভপ্রসাদ প্রাথমিক বিদ্যালয় ও পেয়ারী মোহন প্রাথমিক বিদ্যালয়ের বেশ কয়েকজন শিক্ষকের কাছে জানতে চাওয়া হয়। শিক্ষকেরা জানান, শিক্ষাধীদের প্রায় ৯০ শতাংশকে নিয়মিত মিড-ডে মিলেরে অওতারা খাবার দেওয়া হয়। তবে শিক্ষাধীদের উপস্থিতি বেশি হলে গোলে খাবার ভাগ করে দিতে হয়। আরেক কখনো উপস্থিতি কম থাকলে অবশিষ্ট খাবারও শিক্ষাধীদের মধ্যে বিতরণ করা হয়। ঠিকদারি প্রতিষ্ঠান যেভাবে খাবার পাঠায়, সেভাবেই তা শিক্ষাধীদের মধ্যে বিতরণ করা হয়। মাঝেমধ্যে খাবারের দান নিয়ে অভিযোগ পাওয়া যায় বলেও জানান তারা। এ নিয়ে হাজিরহাট সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আলমগীর হোসেন ও প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. আজাদ বলেন, মিড-ডে মিলে খাবারের দান নিশ্চিত করা জরুরি। মানহীন বা নষ্ট খাবার শিশুদের দান নিয়ে অভিযোগ পাওয়া যায় বলেও জানান তারা। অভিযোগের বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আশরাফ হোসেন বলেন, পচা বা মানহীন খাবার গ্রহণ না করে সরবরাহকারীকে ক্ষে্রত দেওয়ার জন্য প্রধান শিক্ষকদের নির্দেশ দেওয়া হচ্ছে। ঠিকাদারি প্রতিষ্ঠান প্রধান শিক্ষকদের সঙ্গে যোগসাজশ করে মানহীন খাবার সরবরাহ হচ্ছে কি না, তা খতিয়ে দেখা হবে। শিক্ষা কর্মকর্তা আরও বলেন, মনপুরার স্থানীয় বাজার থেকে মিড-ডে মিলের খাবার সংগ্রহের বিষয়ে জেলা পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করা হবে।

মাছ, মুরগি ও ডিমের দামে

অশ্বস্তি অব্যাহত রয়েছে। সাদা ডিমের ডজন ১৩০ টাকা, বাদামি ডিম ১৪০ থেকে ১৫০ টাকা। তবে এলাকাভেদে বাজার ও পাড়া-মহল্লায় এসব পণ্যের দামে কিছুটা ভিন্নতা লক্ষ্য করা যায়। পাড়া-মহল্লার দোকানে ডিম ১৫৫ থেকে ১৬০ টাকায় বিক্রি হচ্ছে। মুরগি বিক্রোতা আনিস আহমেদ বলেন, গত সপ্তাহে তুলনায় এই সপ্তাহে মুরগির দাম আগের মতো আছে। আজকে ১৯০ টাকা কেজি বিক্রি করেছে। গত সপ্তাহে একই দাম ছিল। সোলালি মুরগির দাম আগের মতোই আছে। ৩২০ টাকা কেজি বিক্রি করেছে। মাছের বাজারেরও একই চিত্র। তেলাপিয়া ২৫০ থেকে ২৬০, পাণ্ডাশ ২৩০ থেকে ২৫০, রুই-কাতলা ৩৮০ থেকে ৪২০ এবং চিহড় ২ হাজার থেকে ১ হাজার ৩০০ টাকা কেজি। পাবনা ৩৫০ থেকে ৪০০, বড় আকারের রুই ৪৫০ থেকে ৫০০ ও ট্যাংরা ৭০০ টাকা দরে বিক্রি হচ্ছে। ভেটরী থেকে এসে এখন রীতিমতো অাবক হতে হয়। ২৫০ টাকার নিচে কোনো মাছ পাওয়া যাচ্ছে না। তেলাপিয়াও আড়াইশ টাকা কেজি বিক্রি হচ্ছে। আমাদের মতো মধ্যবিত্তদের জন্য বাজার করাই কষ্টসাধ্য হয়ে যাচ্ছে। মাছ বিক্রোতা কফিল উদ্দিন বলেন, মাছের দামে বড় কোনো পরিবর্তন নেই। আগের দামেই বিক্রি হচ্ছে। মাছের বাজারে একদিন ২০ থেকে ৩০ টাকা কমছে তো পরদিনই আবার বাড়ছে। ক্রেতারা জানান, বাজারে এসে এখন মাছ, মুরগি আর ডিম কিনতেই হিমশিম খেতে হচ্ছে। একটার দাম একটি কম, তো একেকটার দাম বেড়ে যাচ্ছে। ২০০ টাকার মধ্যে মাছ পাওয়া যাচ্ছে না, ব্রয়লার মুরগির দামও অনেক বেশি। ডিমের দামও বেড়ে গেছে। আমাদের আয় তো সেভাবে বাড়েনি, কিন্তু বাজার খরচ প্রতিদিনই বাড়ছে। আগে যে টাকায় এক সপ্তাহের বাজার করা যেত, এখন সেই টাকা কয়েক দিনের মধ্যেই শেষ হয়ে যাচ্ছে। এভাবে নিতাপণ্যের দাম বাড়তে থাকলে নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের সংসার চালানো খুব কঠিন হয়ে যাবে।

প্রয়োজনে ইরানে আরো

ইসরায়েল ও পুরো মধ্যপ্রাচ্য এখানে ধ্বংস হয়ে যেত। ট্রাম্প বলেন, ইরান পারমাণবিক অস্ত্র তৈরি থেকে মাত্র দুই সপ্তাহ দূরে ছিল। এই কারণে তিনি দেশটির পারমাণবিক স্থাপনায় হামলার নির্দেশ দেন। তিনি আরো দাবি করেন, হামলার পর ইরানের ক্ষেপণাস্ত্র ও ড্রোন সক্ষমতা অনেকটাই দুর্বল হয়ে গেছে।

দেশটির অর্থনীতিও ধসের মুখে রয়েছে। ট্রাম্প দাবি করেন, গণমাধ্যমে যেভাবে বিষয়টি তুলে ধরা হয়, বাস্তবে হাম্মুজ প্রাণলির নিয়ন্ত্রণ যুক্তরাষ্ট্রের হাতেই রয়েছে। ইরানকে ‘মধ্যপ্রাচ্যে দাদাগিরি করা দেশ’ হিসেবে উল্লেখ করে ট্রাম্প বলেন, ইরান কাতার, বাহরাইন, কুয়েত ও সংযুক্ত আরব আমিরাতের মতো দেশেও হামলা চালিয়েছে। এসব দেশের ইরানের প্রতি সমর্থনও খুব বেশি ছিল না বলে তিনি দাবি করেন। ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্র সামরিক পদক্ষেপ না নিলে ইরান এসব দেশকে ধ্বংস করে দিত। একই সঙ্গে ইরান যুক্তরাষ্ট্রের তুখণ্ডে হামলার প্রস্তুতিও নিচ্ছিল বলে দাবি করেন তিনি।

সৌদি-পাকিস্তান-তুরস্ক সামরিক জোটে বাংলাদেশের

পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল এসব বিষয় নিয়ে কথা বলেন। ব্রিফিংয়ে এক সাংবাদিক জানতে চান, সৌদি আরব, পাকিস্তান ও তুরস্কের সামরিক জোটে বাংলাদেশ যেগ দিতে পারেডুঃ এমন গুঞ্জন নিয়ে ভারতের অবস্থান কী। জবাবে রণধীর জয়সওয়াল বলেন, ‘আমরা পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। এ মুহুর্তে এ বিষয়ে আমাদের আর কিছু বলার নেই।’ ব্রিফিংয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর ও ব্রিকস সম্মেলনে তাঁর অংশগ্রহণ নিয়েও প্রশ্ন ওঠে। এ বিষয়ে জয়সওয়াল বলেন, ‘বাংলাদেশের প্রধানমন্ত্রীর বিষয়ে যে প্রস্তুতি করা হয়েছে, সে বিষয়ে আমার আপাতত কিছুই বলার নেই। আমার কাছে কোনো আপডেট থাকলে তা আপনাদের সঙ্গে শেয়ার করব।’ গঙ্গা পানিবর্তন চুক্তির ভবিষ্যৎ নিয়েও ব্রিফিংয়ে প্রশ্ন করা হয়। জবাবে রণধীর জয়সওয়াল স্মরণ করিয়ে দেন, ১৯৯৬ সালে স্বাক্ষরিত গঙ্গা পানি চুক্তির মোয়াদ ৩০ বছর। তিনি বলেন, ভারত ও বাংলাদেশের মধ্যে নদী-সম্পর্কিত সব বিষয় যৌথ নদী কমিশনের আওতায় আলোচনা হয়। পাশাপাশি গঙ্গা পানি চুক্তির অধীনে যৌথ কমিটির বৈঠকও কারিগরি পর্যায়ে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। সান্নিপ্রতিক সময়ে দুই দেশের কূটনৈতিক যোগাযোগ বৃদ্ধি পাওয়ায় তারেক রহমানের ভারত সফর নিয়ে বিভিন্ন মহলে আলোচনা চলছে। দুপুরেই বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের আসন্ন দিল্লি সফর ঘিরে একটি প্রাতিষ্ঠানিক সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশের এক ঘণ্টার মধ্যেই তা তড়িঘড়ি প্রত্যাহার করে নিয়েছে ভারতের রপ্ত্রীপতি ভবন। গুত্রবার বেলা ২টার দিকে ভারতের রপ্ত্রপতির কার্যালয় থেকে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়, যেখানে আগামীকাল শনিবার রপ্ত্রপতি ভবনে নির্ধারিত একটি সামরিক মহড়া স্থগিত করার কথা বলা হয়েছিল। তবে সফর নিয়ে কোনো দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে অনুষ্ঠানিক ঘোষণা আসার আগেই বিজ্ঞপ্তিট চলে আসায় কূটনৈতিক মহলে বেশ আলোচনা তৈরি হয়। পরে বেলা ৩টার দিকে রপ্ত্রপতির কার্যালয় থেকে আরও একটি বিশেষ বার্তা পাঠিয়ে আগের সংবাদ বিজ্ঞপ্তিট সম্পূর্ণ বাতিল বলে ঘোষণা করা হয়।

প্রতিকূলতার মধ্যেও জামায়াতের নেতাকর্মীরা

প্রতিকূলতার মধ্যেও জামায়াতে ইসলামীর নেতাকর্মীরা আদর্শ ও নীতির প্রশ্নে অবিরল ছিলেন।” তিনি বলেন, দীর্ঘদিনের প্রতিকূলতা ও বাধা পেরিয়ে তৈরি সাংগঠনিক কার্যক্রমকে আরও গতিশীল করার সুযোগ তৈরি হয়েছে। “এখন আমাদের সময় এসেছে, সংগঠনের প্রতিটি স্তরে সর্বাঙ্গিকভাবে কাজ করতে হবে। মানুষের কাছে ইসলামের সুহান আদর্শ ও কল্যাণের বার্তা পৌঁছে দিতে হবে। সমাজের অসহায় ও বঞ্চিত মানুষের পাশে দাঁড়িয়ে তাদের কল্যাণে কাজ করতে হবে। একই সঙ্গে সংগঠনের সাংগঠনিক ভিত্তি আয়ত্তে আনতেও সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তিনি আরও বলেন, একটি কার্যালয় শুধু সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনার স্থান নয়; বরং এটি মানুষের সঙ্গে যোগাযোগ, জনকল্যাণমূলক কার্যক্রম, দাওয়াতি কাজ এবং নেতাকর্মীদের পারস্পরিক সমন্বয়ের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র। জাওয়া ইউনিয়ন জামায়াতের নতুন কার্যালয়কে কেন্দ্র করে স্থানীয় জনগণের সঙ্গে আরও নিবিড় সম্পর্ক গড়ে তোলার জন্য তিনি আহ্বান জানান। অন্ত্যুতনে সভাপতিত্ব করেন জাওয়া ইউনিয়ন জামায়াতের সভাপতি আব্বাস উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল মহানগর জামায়াতের কর্মপরিদ সমদস্য অধ্যক্ষ মাওলানা হাবিবুর রহমান, বরিশাল সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা শফিউল্লাহ তালুকদার, সেক্রেটারি মো. কাকার হোসাইনসহ মহানগর, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতৃবৃন্দ। বজারা জাওয়া ইউনিয়নে জামায়াতে ইসলামীর সাংগঠনিক কার্যক্রম আরও বিস্তৃত ও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি নতুন কার্যালয়কে কেন্দ্র করে নিয়মিত সাংগঠনিক কার্যক্রম, জনসম্পৃক্ততা এবং সমাজকল্যাণমূলক কর্মকাণ্ড পরিচালনার প্রত্যায় ব্যক্ত করেন। অন্ত্যুতানের গুরুতে পরিব্র কুরআন তেলাওয়াত করা হয়। পরে দোয়া ও মোনাজাতের মাধ্যমে নব্বিন্টি কার্যালয়ের উদ্বোধনী কার্যক্রম সম্পন্ন হয়। এ সময় স্থানীয় জামায়াতের নেতাকর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন।

অটোরিকশা চার্জের সময়

পরীক্ষা-নিরীক্ষা শেষে দেওগাঙ্গা গ্রামের বাবুল চন্দ্র দেবনাথের ছেলে সজল চন্দ্র দেবনাথকে মৃত ঘোষণা করেন। অপর আহত শিশু তাহসিনের (৯) অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে (শোবাখিল) পাঠানো হয়েছে। নলছিটি থানা ভারপ্রাপ্ত (ওসি) তোহিদুজ্জামান সোহাগ বলেন, এ ঘটনায় পরবর্তী আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।

এক শিক্ষা অফিসার দিয়ে

মাধ্যমিক শিক্ষা অফিসার টিপু সুলতান আমার দেশকে জানান, ‘আমার একার পক্ষে তিনটি উপজেলার দায়িত্ব পালন করা খুবই কষ্টকর। সম্ভ্রাহের পাঁচদিন তিনি তালতল্লীতে অফিস করে থাকেন। জরুরি কোনো কাজের চাপ পড়লে কেবলমাত্র তখনই তিনি পাথরঘাটা ও আমতলী মাধ্যমিক শিক্ষা অফিসে অল্প সময়ের জন্য যান। তিনি আরো জানান, জুনিয়র বৃত্তি পরীক্ষা থেকে শুরু করে ডিগ্রি পরীক্ষা পর্যন্ত সব পরীক্ষায় আমাকে অতিরিক্ত দায়িত্ব পালন করতে হয়। পাথরঘাটা ও আমতলী উপজেলায় পরীক্ষার দায়িত্ব পালন করা আমার পক্ষে সম্ভব হয়ে উঠে না। পাথরঘাটা ও আমতলী উপজেলায় মাধ্যমিক শিক্ষা অফিসে একজন করে একাডেমিক সুপারভাইজার রয়েছেন। মাধ্যমিক শিক্ষা অফিসারের অনেকগুলো কাজ রয়েছে, যা একাডেমিক সুপারভাইজারের পক্ষে সম্পাদন করা সম্ভব নয়। আমতলী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার সেলিম মাহমুদ বলেন, আমতলী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের মাধ্যমিক শিক্ষা অফিসার দীর্ঘ এক বছর পর্যন্ত না থাকায়, স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। সহকারী শিক্ষা অফিসার থাকলে অনেক কাজ তাকে দিয় করা যেত। এছাড়াও ডাটা এন্ট্রি পারফরমি পদটিও এক বছর পর্যন্ত শূন্য রয়েছে। অফিশিয়াল কাজকর্ম অনেক সময় বাহির থেকে করতে হয়। বাংলাদেশে শিক্ষক কর্মচারী একাজোত সেলিম ভূঁইয়া আমতলী উপজেলা শাখা আহার্যক দেসোয়ার হোসেন আমার দেশকে জানান, ‘দীর্ঘ এক বছর পর্যন্ত মাধ্যমিক শিক্ষা অফিসার না থাকায়, স্কুল, কলেজ, মাদরাসার শিক্ষক, কর্মচারীদের বিভিন্ন কাজে সমস্যা সৃষ্টি হচ্ছে। দ্রুত আমতলী ও পাথরঘাটা উপজেলায় মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী শিক্ষা অফিসারসহ অন্যান্য শূন্য পদগুলো পূরণের জন্য সরকার তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানাছি।

বরিশাল ৯ শনিবার ৯ ২২ আগস্ট ২০২৬ ৯ ০৮ ভদ্র ১৪৩৩

বার্তা সম্পাদক ফোরাম

মেয়াদী কমিটি ঘোষণা করেন সংগঠনের প্রতিষ্ঠাতা আহ্বায়ক জিয়া শাহিন। সংগঠনের আহ্বাক জিয়া শাহিনের সভাপতিত্বে বিশেষ সাধারণ সভায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন- সিনিয়র সাংবাদিক এমএম আমজাদ হোসাইন ও বরিশাল প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি জাকির হোসেন। সদ্য বিদায়ী আহ্বায়ক কমিটির নির্বাহী সদস্য বেলায়েত বাবলুর সম্মুখলনায় অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন সদস্য সচিব খান রুবেল। এছাড়াও উন্মুক্ত আলোচনায় সংগঠনের উন্নয়নে বিভিন্ন দিক তুলে ধরেন সদস্যরা। বজারা বলেন, একটি সংবাদমাধ্যমের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন বার্তা সম্পাদক। সংবাদ যাচাই-বাছাই, বস্তুনিষ্ঠতা ও নিরপেক্ষতা নিশ্চিতের পাশাপাশি সাংবাদিকতার নীতিমালা অনুসরণ করে দায়িত্ব পালন করতে হবে। তারা বলেন, ব্যক্তিগত স্বার্থের উর্ধ্বে উঠে পেশাগত এক্রা ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সাংবাদিকদের অধিকার ও মর্যাদা রক্ষায় কাজ করতে হবে। একই সঙ্গে প্রযুক্তির দ্রুত পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে সাংবাদিকদের নিজেদের দক্ষতা বড়াতে হবে। বিশেষ করে সংবাদ যাচাই, তথ্যের সত্যতা নিশ্চিত করা এবং দায়িত্বশীলতার সঙ্গে সংবাদ প্রকাশের ক্ষেত্রে বার্তা সম্পাদকদের আরও সতর্ক ও পেশাদার হওয়ার আহ্বান জানান তারা। পরে সাধারণ সভার দ্বিতীয় অধিবেশনে সংগঠনের শতীন এবং পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেন সভার সভাপতি জিয়া শাহিন। কমিটির অন্যান্য পদে রয়েছেন- সহ-সভাপতি আমিনুল শাহিন (আজকের বরিশাল), কে.এম. নয়ন (বরিশালের আজকাল) ও আসাদুজ্জামান মুরাদ (বরিশাল মুখপত্র)। যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ বাবু (আজকের বার্তা) ও খ্রিস্ট তালুকদার (দৈনিক বরিশালক্ষত্র)। সহ-সাংগঠনিক আহমেদ বাবুলকে (আমাদের দর্শনালা), কোষাধ্যক্ষ লিটন বায়েজিদ (ভোরের অঙ্গীকার), তথ্যপ্রযুক্তি সম্পাদক তানজিমুন ইসলাম রিশাদ (আজকের সুন্দরবন), সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক আল আমিন গাজী (আজকের সময়ের বার্তা), ক্রীড়া সম্পাদক আরিফ হোসেন (দৈনিক কল্যানের কণ্ঠ), দপ্তর সম্পাদক এম.আর শুভ (দৈনিক সত্য সংবাদ), সহ-দপ্তর সম্পাদক মুরাদ হোসাইন (দৈনিক দখিনের কণ্ঠ)। এছাড়া নির্বাহী সদস্যরা হলেন- জিয়া শাহীন (বরিশাল প্রতিদিন), পথিক মোস্তফা (দৈনিক কীর্তনখোলা), জসিম জিয়া (আজকের পরিবর্তন), জে. খান স্বপন (বরিশালের আজকাল), হুমায়ুন কবির রোকন (দৈনিক মতবাদ), মশিউর মৌচু (ভোরের অঙ্গীকার), রিপন হাওলাদার (দখিনের মুখ) ও এইচ.আর হিরা (দৈনিক হিরন্ময়)।

আমতলীতে বাসচাপায় মাদরাসাছাত্র

উদ্ধার করে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে চিকিৎসাসীন অবস্থায় রাত ১২টার দিকে তার মৃত্যু হয়। ঘটনার সত্যতা নিশ্চিত করে পুলিশ জানায়, যাতক বাসটিকে ইতোমধ্যে পটুয়াখালী থানা পুলিশ আটক করেছে।

১১ মাসে যা করেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের

ডাকসুর ভিপি বলেন, ক্যাম্পাসের মূল দক্ষেশ শিক্ষাধীদের পড়াশোনা, গবেষণা, চিন্তা, প্রশ্ন করা এবং নতুন প্রযুক্তি উদ্ভাবন। এ জন্য দায়িত্ব নেয়ার পর গত ১১ মাসে ক্যাম্পাসে শিক্ষাধীদের নিরাপত্তা ও একাডেমিক পরিবেশ নিশ্চিত করতে কাজ করেছে বলে দাবি করছেন তিনি। দেশেত তরুণ প্রজন্মকে খাখাথ স্বীকৃতি ও সুযোগ না দেয়ার বিষয়টি তুলে ধরে তিনি বলেন, আমাদের এই দেশে আমরা গত ৫৫ বছর জুড়ে আমাদের যারা নেতৃত্ব ছিল তারা আমাদেরকে নিয়ে যেভাবে ভাবা দরকার ছিল আমাদের তরুণ প্রজন্মদেরকে নিয়ে, আমাদের ছাত্র-ছাত্রীদেরকে নিয়ে যেভাবে ভাবা দরকার ছিল, তাদেরকে যেভাবে স্বীকৃতি দেওয়া দরকার ছিল, সেটা তারা দিতে পারেনি। তিনি আরও বলেন, দীর্ঘদিনের এ ব্যর্থতার কারণেই জাতি একই বৃত্তে ঘুরপাক খাচ্ছে। দেশের মেধাবী শিক্ষার্থীরা বিদেশের নামী বিশ্ববিদ্যালয়ে গিয়ে নিজেদের যোগ্যতার প্রমাণ দিচ্ছেন। দেশে তাদের ধোার খাখাথ বিকাশ ও কাজ লাগারের সুযোগ তৈরি করা প্রয়োজন। অন্ত্যুতানের শেষ পর্যায়ে শিক্ষার্থীদের সুলতান মুহাম্মদ আল ফাতিহর কনস্টিটিশনেপাল বিজয়ের প্রশঙ্গ তুলে ধরে অনুরোধ নিয়ে এগিয়ে যাওয়ার আহ্বান জানান সাদিক কাসেম। দুই সেপানে আলোজিত অন্ত্যুতানের প্রথম সেপানে পটুয়াখালী সদর উপজেলার ২৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৩৬ জন এবং ১৫টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ১৬৪ জন কৃতি শিক্ষার্থীকে সর্বেশ্বনা দেওয়া হয়। পঞ্চম ও ষষ্ঠম শ্রেণির বার্ষিক পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে তাদের হাতে ক্রেস্ট, স্কুল ব্যাগ ও কলম তুলে দেন অতিথিরা। এসময় পটুয়াখালী ওয়েলফেয়ার কাউন্ডেশনের চেয়ারম্যান আব্দুল্লাহ আল নাহিয়ানের সভাপতিত্বে অন্ত্যুতনে জেলার বিভিন্ন স্থল-কলেজের শিক্ষার্থীসহ স্থানীয় জামায়াতে ইসলামী ও ছাত্রশিবিরেরে বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মহিপুরে সরকারি জমিতে

ধরে সরকারি জমি দখলের চেষ্টা চালাচ্ছিল। এৱই ধারাবাহিকতায় উচ্চ আদালতের হিভাবস্থা আমান্য করে প্রস্প্তিভার সন্কার পর খাস জমিতে পাকা স্থাপনা তৈরি করে দোকানঘর নির্মাণ শুরু করেন মো. নুরুজ্জামান নামের এক ব্যক্তি। খবর পেয়ে দ্রুত সেখানে অভিযান চালায় কলাপাড়া উপজেলা প্রশাসন। ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকালে অভিযুক্ত ৩২ বছর বয়সী নুরুজ্জামানকে হাতেদানা আটক করা হয়। আইন আমান্য করে সরকারি জায়গা দখলের অপরাধে তাকে এক মাসের বিনাক্রম কারাদণ্ড ও ১০০ টাকা জরিমানা করা হয়। জরিমানা অনাদায়ে তাকে অতিরিক্ত আরও সাত দিনের কারাভোগ করতে হবে। এৱই বিশেষ অভিযানের নেতৃত্ব দেন কলাপাড়া উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ইয়াদীন সাদেক। অভিযান চালাকালীন কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আরিফুজ্জামান উপস্থিত থেকে সার্বিক দিকনির্দেশনা প্রদান করেন। প্রশাসন জানিয়েছে, সরকারি সম্পত্তি রক্ষা এবং আদালতের নির্দেশ বাস্তবায়নে এ ধরনের উচ্ছেদ অভিযান ও আইনি পদক্ষেপ অব্যাহত থাকবে।

আন্তর্জাতিক কুরআন প্রতিযোগিতায়

অর্জন করেন হাফেজ নূর। হাফেজ নূর উদ্দিন জাকারিয়া চাঁদকাঠা গ্রামের মাওলানা নুরুল আমিন ও ইয়াদুর বেয়াম দম্পতির ছেলে। এক ছেলে ও দুই মেয়েকে নিয়ে তাদের ৫ জনের পরিবার। ছয় বছর বয়সে মামা হাফেজ কুরী মোহাম্মদ রহমত উল্লাহর হাত ধরে ঢাকায় যান জাকারিয়া। রাজধানীর হাফিজ বিদ্যালয়ে ভর্তি হয়ে পবিত্র কুরআনের হিফজ সম্পন্ন করেন। পরে ডেমুরার আর রায়হান ইন্টারন্যাশনাল মাদ্রাসায় ভর্তি হন। সেখানে অধ্যয়নরত অবস্থায়ই সৌদি আরবে অনুষ্ঠিত আন্তর্জাতিক কুরআন প্রতিযোগিতায় অংশ নিলেন তিনি। হাফেজ নূর উদ্দিন জাকারিয়াকে অভিনন্দন জানিয়েছেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ, স্থানীয় বিএনপির নেতৃবৃন্দ ও উপজেলা প্রশাসন। জাকারিয়ার আনন্দ বিরাজ করেছে। স্থানীয়রা বলছেন, বিশমক্ষে তার এই অর্জন বাউফলের জন্য যেমন প্রেরণা, তেমনি দেশের তরুণদের জন্যও অনুরোধরায়।

নিষেধাজ্ঞার মধ্যেও সুন্দরবনে ঢুকছেন মানুষ, ৮০ দিনে ৪৪ জন আটক

কীর্তনখোলা ডেক

বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য রক্ষায় ১ জন থেকে ৩১ আগস্ট পর্যন্ত সুন্দরবনে সব ধরনের সম্পদ আহরণ ও ইকোটুরিজম বন্ধ রয়েছে। নিষেধাজ্ঞা এ সময়ে সুন্দরবনে প্রবেশের সুযোগ নেই জেলে, বাওয়ালি, মৌয়ালি কিংবা পটুংকদের। তবে নিষেধাজ্ঞা অমান্য করে এখনও বনে ঢুকছেন অনেকে। মাছ ও কীকড়া ধরতে গিয়ে আটক হচ্ছেন জেলেরা। বন বিভাগও স্বীকার করছে, একদিকে অভিযান

চললেও অন্যদিকে লোকজন সুন্দরবনে ঢুকে পড়ছে। ১৮ আগস্ট পর্যন্ত বন বিভাগের তথ্য অনুযায়ী, নিষেধাজ্ঞা অমান্য করে সুন্দরবনে প্রবেশ ও মাছ-কীকড়া আহরণের ঘটনায় ৩৮টি মামলা হয়েছে এবং ৪৪ জনকে আটক করে আদালতে সোপান করা হয়েছে। এ সময় ৩৮টি নৌকা জব্দ করা হয়েছে। বিনুক পাচারের একটি ঘটনায় একটি পিকআপ জব্দের পাশাপাশি প্রায় ৭৭ বস্তা বিনুক উদ্ধার করা হয়। বিভিন্ন অভিযানে ২৭৯ কেজি কীকড়াও জব্দ করা হয়েছে, যা পরে অবমুক্ত করা হয়। বৃড়িগোয়ালিনী স্টেশন কর্মকর্তা (এসও) এরফান উদ্দিন বলেন, জুন, জুলাই ও আগস্ট এই তিন মাস সুন্দরবন থেকে সব ধরনের সম্পদ আহরণ ও ইকোটুরিজম বন্ধ রয়েছে। এ সময় বিভিন্ন স্টেশন ও টহল ফাঁড়ি থেকে দিন-রাত ২৪ ঘণ্টা নিয়মিত টহল কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তবে বিশাল সুন্দরবনে অসংখ্য ঝাল থাকায় সব এলাকায় একসঙ্গে নজরদারি করা কঠিন বলে জানান তিনি। তার ভাষা, একদিকে টহল দেওয়া হলে অন্যদিকে লোকজন চলে যায়। এছাড়া বন বিভাগে জনবল সংকট রয়েছে। জনবল বাড়ানোর জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অবৈদন প্রমা্ন হয়েছে বলেও জানান তিনি। বন বিভাগের এই বক্তব্যে প্রশ্ন উঠছে নিষেধাজ্ঞা বাস্তবায়নে নিয়মিত টহল চললেও যদি অন্য দিক দিয়ে মানুষ বনে ঢুকে পড়ে, তাহলে সুন্দরবনের প্রবেশপথগুলো কতটা কার্যকরভাবে নিয়ন্ত্রণ করা হচ্ছে? সুন্দরবন বন্ধ থাকায় উপকূলের জেলেনের জীবিকায় সংকট তৈরি হয়েছে। শ্যামনগর উপজেলার বৃড়িগোয়ালিনী এলাকার জেলে মোহাম্মদ রাকিবুল ইসলাম বলেন, সুন্দরবন বন্ধ থাকলেও জীবিকার তাগিদে কিছু জেলে ও বাওয়ালি নিষেধাজ্ঞার পরও বনে প্রবেশ করেন। পরিবারের অভাব-অনটনের সময় অনেকের পক্ষে এসব বাধা-নিষেধ মনে অপেক্ষা করা কঠিন হয়ে পড়ে। জীবিকার অন্য পথ না থাকায় অনেকে যুকি নিয়ে বনে বনা এবং আটক হয়ে ক্ষতিগ্রস্ত হন। তবে সব জেলে একইভাবে নিষেধাজ্ঞা অমান্য করেন না। উল্লেখ করে রাকিবুল ইসলাম বলেন, কিছু অসামু্য জেলে অধিক মুনাযার আশায় বন্দের সময়ও সুন্দরবনে প্রবেশ করেন। তাদের কারণে সাধারণ জেলে-বাওয়ালিরা জোপান্তিতে পড়েন। এ ধরনের অসামু্য জেলেনের দৃষ্টান্তকে শাস্তি হওয়া উচিত বলেও তিনি মনে করেন। গারুরা ইউনিয়নের জেলে মিজানুর রহমান বলেন, সুন্দরবন বন্ধ থাকায় তাদের টিকমতো সংসার চলছে না। হেলে-মেয়ে নিয়ে কষ্টের মধ্যে দিন কাটছে। আরেক জেলে অতিকুর রহমান বলেন, তারা সুন্দরবনের মাছ ও কীকড়া ধরে জীবিকা নির্বাহ করেছেন। সুন্দরবন বন্ধ থাকায় এখন তারা বনে যেতে পারছেন না। বন্ধ শেষ হলে আবার বনে যাবেন। তবে বনে গেলে জলদস্যুরের আতঙ্কে থাকতে হয় বলেও জানান তিনি। স্থানীয় আরেক জেলের অভিযোগ, সুন্দরবন বন্ধ থাকায় মানুষের যাতায়াত কমে যায়। এ সুযোগে দস্যুদের লোকজন বনে ঢুকে বিধ দিয়ে মাছ শিকার এবং হরিণ ও বাঘ শিকার করে। মানুষের চালাচল কম থাকায় তারা এসব কর্মকাণ্ড চালাবার সুযোগ পায় বলেও দাবি করেন তিনি। বন বিভাগের কর্মকর্তা এরফান উদ্দিন বলেন, সুন্দরবনে জলদস্যু রয়েছে এবং তাদের নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কাজ করছে। জেলে ও বাওয়ালিদের কোনো তথ্য থাকলে বন বিভাগকে জানানোর আহ্বান জানানো হয়েছে। তাদের কাছ থেকে তথ্য না পেলে অনেক ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া কঠিন হয়ে পড়ে বলেও জানান তিনি। সুন্দরবনে তিন মাসের নিষেধাজ্ঞার মূল উদ্দেশ্য হলো বনজ সম্পদ আহরণ বন্ধ রেখে বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য রক্ষা করা। সেই নিষেধাজ্ঞার মধ্যেই ৩৮টি মামলা, ৪৪ জন আটক ও ৩৮টি নৌকা জব্দের তথ্য পাওয়া গেছে। অর্থাৎ অভিযান চলছে, কিন্তু সুন্দরবনে মানুষের প্রবেশে পুরোপুরি বন্ধ করা যায়নি। সুন্দরবন বন বিভাগের দাবি, দিন-রাত ২৪ ঘণ্টা টহল চলছে। অন্যদিকে কর্মকর্তারাই বলছেন, বিশাল সুন্দরবনের জনবল সংকটের কারণে সব এলাকায় একসঙ্গে নজরদারি করা কঠিন। স্থানীয় জেলেনের বক্তব্যেও উঠে এসেছে জীবিকার সংকট ও জলদস্যুরের আতঙ্ক। সব মিলিয়ে প্রশ্ন উঠছে নিষেধাজ্ঞা থাকার পরও মানুষ কীভাবে সুন্দরবনে ঢুকছে? বন বিভাগ যখন জানে একদিকে টহল চালায় সব সময় অন্যদিকে মানুষ প্রবেশ করছে, তখন ওই প্রবেশপথগুলো নিয়ন্ত্রণে আরও কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে না কেন? সুন্দরবন রক্ষায় নিষেধাজ্ঞা কার্যকর রাখার পাশাপাশি জেলেনদের জীবিকার সংকট এবং জলদস্যুরের তরুণরতা মোকাবিলায় সমন্বিত ব্যবস্থা কতটা নেওয়া হচ্ছে এখন সেই প্রশ্নও সামনে এসেছে।

ক্রমে কমে আসছে দেশীয় গ্যাসের মজুত

কীর্তনখোলা ডেক

ক্রমে কমে আসছে দেশীয় গ্যাসের মজুত। নতুন অনুসন্ধান কার্যক্রমে গতি না থাকায় আমদানিনির্ভর হচ্ছে এ খাত। তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) প্রাপ্তি কমে যাওয়ায় বাড়ছে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিগি) ব্যবহার। তবে দেওয়া ২০২৪-২৫ অর্থ বছরে দেশে মোট সরকারি উৎপাদন ও বেসরকারি আমদানি মিলিয়ে এলপিগির পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ১৫ লাখ ৯৪ হাজার ৩৬৪ মেট্রিক টন। এর মধ্যে সরকারি উৎপাদন মাত্র ২০ হাজার ৩৮৬ মেট্রিক টন। বিপিসির অনুমোদিত তিন বেসরকারি রিফাইনারি উৎপাদন ২৫ লাখ ৯৯ হাজার ১৯১ টন। বিপরীতে বেসরকারি খাতে আমদানি হয়েছে ১৫ লাখ ৪৮ হাজার ৭৫৭ দশমিক ১৫ মেট্রিক টন। সুতরাং ২০২৪-২৫ অর্থ বছরে সরকারি প্রতিষ্ঠান এলপি গ্যাস লিমিটেড (এলপিগিএল) ২০ হাজার ৪৫০ টন, বিপিসির অনুমোদিত তিন বেসরকারি রিফাইনারি মধ্য সুপার পেট্রোলীমেকমিকাল ১৯ হাজার ৬১১ টন, আকুয়া রিফাইনারি ২ হাজার ৮০ টন এবং পারটেস্ট্র পেট্রো ৩ হাজার ৪৯০ টন এলপিগি ব্যবহারের সরবরাহ করে। বেসরকারিভাবে সরবরাহ করা হয় ১৭ লাখ ৬ হাজার ১৯৯ টন। ২০২৩-২৪ অর্থবছরে সরকারি উৎপাদন ছিল ১২ হাজার ৬৪০ মেট্রিক টন। বেসরকারি খাতে আমদানি করা হয় ১৪ লাখ ২৬ হাজার ৮৬০ মেট্রিক টন। ওই বছর মোট সরবরাহ ছিল প্রায় ১৪ লাখ ৩৯ হাজার ৫০০ মেট্রিক টন। এর মধ্যে সরকারি উৎপাদনের অংশ ছিল মাত্র শূন্য দশমিক ৮৮ শতাংশ। বিপরীতে আমদানির অংশ ছিল ৯৯ দশমিক ১২ শতাংশ। অর্থাৎ, ওই অর্থবছরে দেশের এলপিগি সরবরাহের প্রায় পুরোটাই এসেছে বেসরকারি খাতের আমদানির মাধ্যমে। ২০২২-২৩ অর্থবছরে সরকারি উৎপাদন ১২ হাজার ৬৪০ মেট্রিক টন এবং বেসরকারি আমদানি ১৪ লাখ ২৬ হাজার ৮৬০ মেট্রিক টন। সে হিসাবে সরকারি উৎপাদনের অংশ শূন্য দশমিক ৮৮ শতাংশ, আর বেসরকারি আমদানির অংশ ৯৯ দশমিক ১২ শতাংশ। ২০২১-২২ অর্থবছরে সরকারি উৎপাদন ছিল ১২ হাজার ৪৬১ মেট্রিক টন এবং বেসরকারি আমদানি ছিল ১৪ লাখ ২৭ হাজার ৮২৬ মেট্রিক টন। মোট সরবরাহের পরিমাণ দাঁড়ায় প্রায় ১৪ লাখ ৪১ হাজার ২৮৭ মেট্রিক টন। এর মধ্যে সরকারি উৎপাদনের অংশ শূন্য দশমিক ৯৩ শতাংশ, আর বেসরকারি আমদানির অংশ ৯৯ দশমিক ০৭ শতাংশ। সরকারি উৎপাদন বনাম আমদানির চিত্র- পাঁচ অর্থবছরের তথ্য বিশ্লেষণে দেখা যায়, দেশের এলপিগি বাজারে সরাসরি সরকারি উৎপাদনের অংশ কখনোই ১ দশমিক ৩ শতাংশের বেশি হয়নি। ২০২৪-২৫ অর্থবছরে সরকারি

সৌদি-পাকিস্তান-তুরস্ক সামরিক জোটে বাংলাদেশের সম্ভাব্য যোগদান নিয়ে যা বলছে ভারত

কীর্তনখোলা ডেস্ক
নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়মিত সাপ্তাহিক ব্রিফিংয়ে মুখপাত্র রণধীর জয়সওয়াল বাংলাদেশ-সম্পর্কিত কয়েকটি সাম্প্রতিক বিষয় ভারতের অবস্থান পরিষ্কার করেছেন। শুক্রবার নয়াদিল্লিতে সাপ্তাহিক ব্রিফিংয়ে ভারতের ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ১১ শনিবার ১১ ২২ আগস্ট ২০২৬ ১০৮ ভদ্র ১৪৩৩

প্রয়োজনে ইরানে আরো ১০০ বার হামলা করতাম : ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক
মুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানকে পারমাণবিক অস্ত্র তৈরি থেকে ঠেকাতে প্রয়োজন হলে তিনি দেশটিতে আরো ১০০ বার হামলা চালাতেন। একটি রেডিও সাক্ষাৎকারে ট্রাম্প দাবি করেন, যুক্তরাষ্ট্র হামলা না চালালে ৩ এর পাতায় দেখুন



১১ মাসে যা করেছি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৫ বছরেও তা কেউ করতে পারেনি: সাদিক কায়ম

পটুয়াখালী প্রতিনিধি
ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদে (ডাকসু) ভূঁইপি সাদিক কায়ম বলেন, '১১ মাসে আমরা প্রমাণ করেছি কীভাবে শিক্ষার্থীদের অধিকার নিশ্চিত করতে হয়। শিক্ষার্থীরাই বলেন যে, আমরা গত ১১ মাসে ডাকসুতে দায়িত্ব নেওয়ার পর যে কাজ করেছি, তা ঢাকা

বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে ১০৫ বছরেও কেউ করতে পারেনি।' শুক্রবার (২১ আগস্ট) সকালে পটুয়াখালী জেলা শিল্পকলা একাডেমিতে পটুয়াখালী ফাউন্ডেশন আয়োজিত 'কৃত শিক্ষার্থী সংবর্ধনা ২০২৬' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন,

'শিক্ষার্থীদের মতামত অনুযায়ী আমরা অনেক সার্ভে করেছি। ৯৩ শতাংশ শিক্ষার্থী মনে করেন, ডাকসু দায়িত্ব নেওয়ার পর ক্যাম্পাসে নারীরা সবচেয়ে নিরাপদে রয়েছেন। ক্যাম্পাসের মধ্যে সব ধরনের মারামারি, হানাহানি, চাঁদাবাজি, টেন্ডারবাজি ও রাহাজানি শুন্যের কোঠায় নিয়ে এসেছি।' ৩ এর পাতায় দেখুন

মাছ, মুরগি ও ডিমের দামে হিমশিম খাচ্ছেন ক্রেতারা

কীর্তনখোলা ডেস্ক
বাজারে একের পর এক মধ্যবিত্তের সংসার খরচ। নিত্যপ্রয়োজনীয় প্রায় সব পণ্যের দামেই উর্ধ্বগতি থাকায় ক্রেতাদের খেতে হচ্ছে হিমশিম। শুক্রবার নগরীর বিভিন্ন বাজার ঘুরে এ চিত্র দেখা যায়। সরেজমিনে বাজার ঘুরে দেখা

১৫০ টাকা হওয়ায় বাড়ছে নিম্ন ও মধ্যবিত্তের সংসার খরচ। কিছুটা বেড়ে বিক্রি হয়েছে ১৯০ টাকা, সোনালি ৩২০ টাকা এবং দেশি মুরগি ৬৫০ টাকায় বিক্রি হচ্ছে। গরুর মাংস ৭৮০ থেকে ৮০০ টাকা কেজি। ডিমের বাজারেও ৩ এর পাতায় দেখুন

যায়, মাংসের বাজারে সপ্তাহের ব্যবধানে ঐয়লার মুরগির দাম কিছুটা বেড়ে বিক্রি হয়েছে ১৯০ টাকা, সোনালি ৩২০ টাকা এবং দেশি মুরগি ৬৫০ টাকায় বিক্রি হচ্ছে। গরুর মাংস ৭৮০ থেকে ৮০০ টাকা কেজি। ডিমের বাজারেও ৩ এর পাতায় দেখুন



ভিক্ষুকের টাকাসহ ৪ কোটি টাকা আত্মসাৎ করে পলাতক অসীম চন্দ্র দাস

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর ৩০ নম্বর ওয়ার্ডের কাশিপুরে অবস্থিত দেশবন্ধু সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেডের প্রায় ৯০০ গ্রাহকের টাকা ফেরত না দেওয়ার অভিযোগ উঠেছে। ভুক্তভোগী গ্রাহকদের দাবি, বিভিন্ন মেয়াদে নির্ধারিত লভ্যাংশের আশায় তারা সমিতিতে প্রায় ৪ কোটি টাকা জমা করেছেন। প্রথমদিকে নিয়মিত লভ্যাংশ পেলেও সম্প্রতি জমাকৃত টাকা ফেরত দিতে অস্বীকৃতি জানাচ্ছেন সমিতির ম্যানেজার অসীম চন্দ্র দাস। টাকা ফেরত পেতে সহযোগিতার জন্য গ্রাহকরা ৩০ নম্বর ওয়ার্ড যুবদলের সদস্য সচিব মোঃ জাহিদ হাসান ও যুগ্ম আহ্বায়ক মোঃ মাসুম মাঝির কাছে যান। গ্রাহকদের অভিযোগ, তাদের পাশে দাঁড়ানোর পর ওই দুই নেতাকে নিয়ে বিভিন্ন ধরনের অপপ্রচার চালানো হচ্ছে, যাতে তারা ভুক্তভোগীদের পাশে না থাকেন। এদিকে টাকা ফেরতের দাবিতে বৃহস্পতিবার সকালে সমিতির কার্যালয়ের নিচে অবস্থান নেন ভুক্তভোগী গ্রাহকরা। তারা ক্রম ত তাদের জমাকৃত টাকা ফেরত এবং অভিযোগের সূচী তদন্তের দাবি জানিয়েছেন। তবে গ্রাহকদের অভিযোগের ৩ এর পাতায় দেখুন



কোলে ববুল (সম্পাদক), খান সকেল (সম্পাদক), ফারুক হোসেন (সম্পাদক)

সভাপতি বেলায়েত বাবলু, সম্পাদক খান রুবেল বার্তা সম্পাদক ফোরাম বরিশালের পূর্নাঙ্গ কমিটি গঠন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের আঞ্চলিক পত্রিকার বার্তা সম্পাদকদের সংগঠন 'বার্তা সম্পাদক ফোরাম-বরিশাল' পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার বেলা ১১টায় বরিশাল প্রেসক্লাবের হলরুমে সংগঠনের বিশেষ সাধারণ সভায় সদস্যদের কঠোর ভোটে নতুন কমিটি ঘোষণা হয়। বরিশাল প্রতিদিনের বার্তা সম্পাদক বেলায়েত বাবলুকে সভাপতি ও দৈনিক মতবাদের বার্তা সম্পাদক খান রুবেলকে সাধারণ সম্পাদক এবং দৈনিক বাংলাদেশ বাবুর ফাহির ফিরোজকে সাংগঠনিক সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ট এক বছর ৩ এর পাতায় দেখুন



এক শিক্ষা অফিসার দিয়ে চলছে তিন উপজেলা

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনার একজন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিয়ে খুঁড়িয়ে চলছে তিনটি উপজেলার কার্যক্রম। জানা গেছে, বরগুনা জেলার তালতলী উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার টিপু সুলতানকে তালতলী উপজেলার পাশাপাশি আমতলী ও পাথরঘাটা উপজেলার দায়িত্ব দেওয়া হয়েছে। একাধারে তিনটি উপজেলার দায়িত্ব পালন করতে তাকে হিমশিম খেতে হচ্ছে। তিনটি উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার সহকারী শিক্ষা অফিসার পদটি ১৫ বছরেরও অধিক সময় পর্যন্ত শূন্য রয়েছে। তালতলী উপজেলা ৩ এর পাতায় দেখুন

আমতলীতে বাসচাপায় মাদরাসাছাত্র নিহত

আমতলী প্রতিনিধি

বরগুনার পটুয়াখালী-কুয়াকাটা আঞ্চলিক মহাসড়কে বাসচাপায় আহম্মদ উল্লাহ (১২) নামের এক মাদরাসাছাত্রের মর্মান্তিক মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (২০ আগস্ট) সন্ধ্যা ৭টার দিকে উপজেলার আমড়াগাছিয়া বাসস্ট্যান্ড সংলগ্ন বাজারে এই দুর্ঘটনা ঘটে। নিহত আহম্মদ উল্লাহ আমতলী উপজেলার রহমতপুর মাদরাসার ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী এবং কুকুয়া ইউনিয়নের আমড়াগাছিয়া গ্রামের খবির উদ্দিন তালুকদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, কুয়াকাটা থেকে ঢাকার উদ্দেশ্যে ছেড়ে আসা 'ই-তালি পরিবহন' নামের একটি দুর্গাশ্রয়ী বাস আমড়াগাছিয়া বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় দাঁড়িয়ে থাকা আহম্মদ উল্লাহকে পেছন থেকে সজোরে ধাক্কা দেয়। এতে সে গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা তাকে দ্রুত ৩ এর পাতায় দেখুন

অটোরিকশা চার্জের সময় বিদ্যুৎস্পৃষ্টে শিশুর মৃত্যু

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে অটোরিকশার চার্জিংয়ের বৈদ্যুতিক সংযোগ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সজল চন্দ্র দেবনাথ (১২) নামে এক শিশু নিহত হয়েছে। এ ঘটনায় তাহসিন (৯) নামে আরও এক শিশু গুরুতর আহত হয়েছে। শুক্রবার (২১ আগস্ট) দুপুর ২টা ১৫ মিনিটের দিকে উপজেলার সিন্ধুকাঠি ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের দেওপাশা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, দেওপাশা গ্রামের একটি অটোরিকশায় চার্জ দেওয়ার জন্য বৈদ্যুতিক সংযোগ দেওয়ার সময় অসাবধানতাবশত দুই শিশু বিদ্যুৎস্পৃষ্ট হয়। এতে তারা গুরুতর আহত হলে স্থানীয়রা দ্রুত উদ্ধার করে নলছিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ৩ এর পাতায় দেখুন



'প্রতিকূলতার মধ্যেও জামায়াতের নেতাকর্মীরা আদর্শ ও নীতির প্রশ্নে অবিচল ছিলেন'

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সদর উপজেলার জাওয়া ইউনিয়নে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নতুন কার্যালয়ের উদ্বোধন করা হয়েছে। শুক্রবার (২১ আগস্ট) জাওয়া ইউনিয়ন জামায়াতের উদ্যোগে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে নেতাকর্মীদের পাশাপাশি স্থানীয় জনগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিসদ সদস্য ও বরিশাল মহানগর আমির মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর। প্রধান অতিথির বক্তব্যে মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর বলেন, "বিগত ১৭ বছর বাংলাদেশ জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের ওপর হামলা, মামলা, খুন, গুমসহ নানাভাবে জুলুম-নির্যাতন চালানো হয়েছে। আমাদের কেন্দ্রীয় কার্যালয় থেকে শুরু করে ওয়ার্ড পর্যায়ের কার্যালয় পর্যন্ত তালাবদ্ধ করে রাখা হয়েছিল। ৩ এর পাতায় দেখুন

প্রকাশিত সংবাদে ভিন্ন মত

বিগত ০৯ আগস্ট ২০২৬ তারিখ "হিজলা বাহেরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরকারি গাছ বিক্রির অভিযোগ, প্রধান শিক্ষিকার বিরুদ্ধে তদন্তের দাবি" একই শিরোনামে দৈনিক আলোকিত সকাল ও দ্যা ডেইলি কাগজ পত্রিকায় একটি অভিন্ন সংবাদ প্রকাশিত হয়েছে। যাতে বাহেরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাহিদ নেয়ামতি তানিয়া ও প্রস্তাবিত সভাপতি জনাব গিয়াস উদ্দিন চৌধুরীর বিরুদ্ধে গাছ বিক্রির মিথ্যা অপবাদ প্রদান করা হয়েছে।

প্রকৃত ঘটনা হচ্ছে ১৮ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ রোজ শনিবার দাভা সদস্য আবদুস ছামাদ বিদ্যালয়ের প্রাচীরের বাহিরে নিজের রোপিত গাছ দাবি করে কিছু ডাল কর্তনের চেষ্টা করলে আমি শুনানামাত্র তা বাধা দেই এবং তারা চলে যান। মৌলত একটি মহল আমার সত্যতা, নিষ্ঠা ও সুনামের সাথে দায়িত্ব পালনের বিষয়টিতে ঈর্ষান্বিত হয়ে এহেন সংবাদ প্রকাশ করিয়েছে। আমি উক্ত সংবাদে সাথে ছিমত পোষণ করে এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

প্রধান শিক্ষক
বাহেরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়
হিজলা, বরিশাল

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডক্টর, এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেশ্বার:
একগোলা ভায়াগনসিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১০৪৪০৮, ০১৭১১-২৪০৪৬৬
০১৭১৪-০৬৫৮৮৬, ০১৭০৬-০৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল



চরমোহাং গিলাতলীতে আরাকাত রহমান কোকা স্মৃতি ফুটবল টর্নামেন্টে ফাইনাল খেলার পুরস্কার বিতরণ করেন বরিশাল সদর উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মুকুল আমিন

মহিপুরে সরকারি জমিতে অবৈধ স্থাপনা নির্মাণ: যুবকের কারাদণ্ড

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর মহিপুরে উচ্চ আদালতের নির্দেশ অমান্য করে সরকারি খাস জমিতে অবৈধভাবে দোকানখর নির্মাণের দায়ে এক যুবককে এক মাসের বিনাপ্রশম কারাদণ্ড দিয়েছে আদালত। একই সাথে তাকে সামান্য অর্থদণ্ডও দেওয়া হয়েছে। পর্বত পল্লী চরণগামতি এলাকায় কলাপাড়া উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এই অভিযান পরিচালনা করা হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, মহিপুর থানার পর্বতন এলাকা হিসেবে পরিচিত চরণগামতি এলাকায় একটি চক্র দীর্ঘদিন ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com